



এক নজরে গত মাসের কার্যক্রম

- ১৪টি নিয়মিত অডিও প্রোগ্রাম।
- যোগাযোগ দক্ষতা ও সামাজিক সমন্বয়ের উপর ২টি আলাপচারিতা।
- জলবায়ু পরিবর্তন ও স্থিতিস্থাপকতার উপর ৫টি ম্যাগাজিন।
- জনসাধারণের পরিসেবা ও সামাজিক সমস্যাগুলির উপর ৫টি পিএসএ।

প্রতিবন্ধকতা বাধা নয়, পথ চলার প্রেরণা হোক

বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জীবন কখন নিয়ে রেডিও সৈকতের বিশেষ ম্যাগাজিন অনুষ্ঠান “তারার আলো”। তারার আলোর খোঁজে আমরা গিয়েছিলাম কক্সবাজার বৈদ্যঘোনা এলাকায়। খোঁজ পাই বিশেষ চাহিদা সম্পন্ন শিশু প্রান্ত দাশের। শিশু প্রান্ত হাঁটতে পারে না। প্রান্তের পরিবার দীর্ঘদিন ধরে একটি হুইলচেয়ার কেনার চেষ্টা করছিলো, কিন্তু আর্থিক অস্বচ্ছলতার কারণে সম্ভব হয়নি। রেডিও সৈকতের তারার আলো অনুষ্ঠানে ইতিপূর্বে শিশু প্রান্ত’র পরিবারের সাক্ষাৎকারটি কক্সবাজার উপজেলা নির্বাহী কর্মকর্তার দৃষ্টিগোচর হয়। তিনি রেডিও সৈকতের বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য হুইলচেয়ার দেয়ার অনুমোদন দেন। তারই ধারাবাহিকতায় উপজেলা নির্বাহী অফিসার কার্যালয় থেকে প্রান্ত দাশের জন্য একটি হুইলচেয়ার দেয়া হয়। শিশু প্রান্তের হাঁটতে না পারার প্রতিবন্ধকতা হুইল চেয়ারের মাধ্যমে কিছুটা হলেও ঘুচবে বলেই নিঃসন্দেহে এটি রেডিও সৈকতের একটি সফল গল্প।



প্রান্ত দাশ

প্রাপ্তি



গত ২০.১২.২২ তারিখ কক্সবাজার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জেলা প্রশাসন ও হ্যালিং হ্যান্ড ও আল-খায়ের ফাউন্ডেশনের সহায়তায় কক্সবাজারের প্রান্তিক জনগোষ্ঠীর কাছে শীত বস্ত্র ও হুইল চেয়ার বিতরণ করা হয়। বিতরণের কিছুদিন পূর্বে রেডিও সৈকত এই কার্যক্রম সম্পর্কে জানতে পারে। রেডিও সৈকত উক্ত কার্যক্রম সম্পর্কে শ্রোতাক্লাবের অন্তর্ভুক্ত প্রান্তিক এলাকার মানুষ ও যেসব মানুষের হুইল চেয়ার দরকার তাদের অবগত করেন। রেডিও সৈকতের মাধ্যমে খবর পেয়ে গত ২০.১২.২৩ তারিখ ৬১ জন শীত বস্ত্র এবং ৬ জন হুইল চেয়ার পান। শীত বস্ত্র প্রাপ্ত ৬১ জনের সবাই নুনিয়ারছড়া, সমিতিপাড়া, কুতুবদিয়া পাড়া, ঝিরঝিরিপাড়ার প্রান্তিক মানুষ যারা রেডিও সৈকতের শ্রোতাক্লাবের অন্তর্ভুক্ত। ৬ জন হুইল চেয়ার প্রাপ্তদের মধ্যে প্রান্ত দাশ, রিখিতা পালকে নিয়ে রেডিও সৈকত পূর্বে তারার আলো প্রোগ্রাম তৈরী করেছে এবং বাকি ৪ জন শ্রোতা ক্লাবের সদস্য। শীতবস্ত্র ও হুইল চেয়ার পেয়ে তারা রেডিও সৈকতকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এই রকম সব কার্যক্রমের খবর রেডিও সৈকতকে তারা জানাতে অনুরোধ করেন।

এগিয়ে যাওয়া



ডিসি কলেজ

কক্সবাজার ডিসি কলেজের শিক্ষার্থীদের নিয়ে রেডিও সৈকত দুটি শ্রোতাক্লাব গঠন করে। মহান বিজয় দিবস উপলক্ষে উক্ত কলেজের শিক্ষার্থীরা দেশাত্মবোধক গান এবং কবিতা পরিবেশন করে রেডিও সৈকতের টিমের সাথে। পুরো অনুষ্ঠানে তাদের অংশগ্রহন ছিলো স্বতঃস্ফূর্ত। কলেজের অধ্যক্ষ মোঃ ইব্রাহিম হোসেন মহোদয় রেডিও সৈকতের কার্যক্রমকে স্বাগত জানান। তিনি বলেন, একসময়ের জনপ্রিয় মাধ্যম ছিলো রেডিও, সেই সাথে তিনি অনুষ্ঠান চলাকালে কলেজের শিক্ষার্থীদের উদ্দেশ্যে রেডিওর গুরুত্ব সম্পর্কে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। শ্রোতাক্লাব গঠন করার সময় রেডিও সৈকত টিমের পাশাপাশি কক্সবাজার ডিসি কলেজের সম্মানিত শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

শুভেচ্ছাবাণী



মোহাম্মাদ উল্লাহ, সহযোগী অধ্যাপক ইতিহাস বিভাগ, কক্সবাজার সরকারি কলেজ।

রেডিও সৈকত অনেকগুলো বিষয় নিয়ে কাজ করে যাচ্ছে। ভবিষ্যতে রেডিও সৈকত আমাদের এই অঞ্চলে সার্বিক উন্নয়নে ভূমিকা রাখবে।

রেডিও সৈকতের স্টুডিওতে এসে আমি নিজেকে অনেক সম্মানিত বোধ করছি। এটা সত্যিই একটি চমৎকার অভিজ্ঞতা। রেডিও সৈকতের এমন প্রোগ্রাম গুলো নিশ্চয়ই নারী ও পুরুষ উভয়ের ক্ষমতায়ন করবে।



অরুণ রতন সাহা, বিভাগীয় প্রধান আইন অনুষদ, কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

শ্রোতা মতামত

❖ কক্সবাজার নাজিরারটেক ,মোস্তাকপাড়ায় গৃহিণী শ্রোতাক্লাবের সদস্যদের সাথে কথা হয় আমাদের প্রীতিলতা অনুষ্ঠান নিয়ে। তারা বলেন অনুষ্ঠানে যে সকল নারীদের গল্প তুলে ধরা হয়েছে তা অনেক কষ্টদায়ক। আমাদের আশেপাশেও নারীদের এমন অনেক না বলা গল্প রয়েছে, ধন্যবাদ রেডিও সৈকতকে এমন না বলা কথা আমাদেরকে জানানোর জন্য।



মহিলা শ্রোতাক্লাব, মোস্তাকপাড়া, নাজিরারটেক।

❖ ঝিরঝিরি পাড়ার শ্রোতাক্লাবের সদস্য শাকেরা বেগম বলেছেন, রেডিও সৈকতের প্রীতিলতা ও বহিঃশিখা অনুষ্ঠানটি তাদের ভালো লেগেছে। তিনি আরো বলেছেন ,নারীদের নিয়ে আরো বেশি জনসচেতনতামূলক অনুষ্ঠান তৈরী হলে সমাজের মানুষের অনেক উপকার হবে।



শ্রোতাক্লাব,ঝিরঝিরিপাড়া